দৈনিক ইনকিলাব
তারিখ JUL 6 1999
পৃষ্ঠা ? কলাম ৭

# কওমী মাদ্রাসাবিরোধী চক্রান্তের পর এখন সরকারের টার্গেট আলীয়া মাদ্রাসা

**ইনকিলাব রিপোর্ট ঃ** মাদ্রাসা শিক্ষা বন্ধে ক্ষমতাসীন সরকারের নানামুখী চক্রান্তের বিরুদ্ধে দেশপ্রেমিক জনগণ তথা ইসলামপ্রিয় বিভিন্ন দল ও সংগঠনের নিন্দা-ক্ষোভ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। সারাদেশে সভা, সমাবেশ অনুষ্ঠান ও বিবৃতি প্রদানের মধ্যদিয়ে এই ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটেছে। বিভিন্ন দল ও সংগঠনের নেতৃবৃন্দ বলেছেন, কওমী মাদ্রাসাবিরোধী চক্রান্ত ব্যর্থ হওয়ার পর সরকার এখন টার্গেট করেছে আলীয়া মাদ্রাসাকে।

চট্টগ্রাম ব্যুরো জানায়, বিভিন্ন মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার এবং বেতন ভাতা, মঞ্জুরি বন্ধের সরকারী সার্কুলারের প্রেক্ষিতে গতকাল (সোমবার) চট্টগ্রাম জেলার বিভিন্ন মাদ্রাসার প্রিন্সিপাল ও সুপারদের এক জরুরী সমাবেশে অভিমত ব্যক্ত করা হয় যে, সরকার ইসলামী শিক্ষা বন্ধ করে দিয়ে ব্রাহ্মণ্যবাদী সিদ্ধান্ত বাস্তবায়নের সুগভীর চক্রান্তে লিপ্ত হয়েছে।

১১-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

# এখন সরকারের টার্গেট

প্রথম পৃষ্ঠার পর

দারুল উলুম আলীয়া মাদ্রাসা মিলনায়তনে প্রখ্যাত আলেমে দ্বীন ও বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীন চট্টগ্রাম জেলা শাখার ভারপ্রাপ্ত সভাপতি মাওলানা জালালুদ্দীন আল কাদেরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মাওলানা মুসলেহ উদ্দীন প্রিন্সিপাল সোবহানিয়া আলীয়া মাদ্রাসা, মাওলানা সাইয়েদ আবু নোমান প্রিন্সিপাল দারুল উলুম আলীয়া, মাওলানা আলী আযম প্রিন্সিপাল নাজিরহাট আলীয়া, মাওলানা শামসুল আলম চৌধুরী প্রিন্সিপাল আলম শাহপাড়া আলীয়া, মাওলানা জামাল উদ্দীন প্রিন্সিপাল সীতাকুণ্ড আলীয়া, মাওলানা জানে আলম প্রিন্সিপাল পতেঙ্গা আলীয়া, মাওলানা আবদুস সালাম আনোয়ারী প্রিন্সিপাল ফতেয়াবাদ সিনিয়র মাদ্রাসা, মাওলানা হোসাইন আহমদ হোসাইনিয়া মাদ্রাসা, মাওলানা

ছিদ্দিক ফারুকী প্রিন্সিপাল বাঁশখালী রঙ্গিয়াঘোনা মাদ্রাসা, মাওলানা মোঃ শাহেদ, মাওলানা আব্দুল কাইয়ুম, প্রিন্সিপাল গারাঙ্গিয়া আলীয়া মাদ্রাসা, মাওলানা আবু নছর আতিক আহমদ ভাইস প্রিন্সিপাল চুপতি আলীয়া মাদ্রাসা প্রমুখ। সমাবেশে দুই শতাধিক মাদ্রাসার প্রিন্সিপাল-ভাইস প্রিন্সিপাল, সুপার ও প্রতিনিধি উপস্থিত ছিলেন। সমাবেশে বক্তাগণ বলেন, সরকার সারাদেশে সাড়ে চার হাজার মাদ্রাসা বন্ধের সিদ্ধান্ত নিয়ে এর অংশ হিসেবে চট্টগ্রামের বাঁশখালী ও সাতকানিয়ার ২৮টিসহ ৬০০ মাদ্রাসায় বেতন-ভাতা বন্ধের নোটিশ প্রেরণ করেছে। ইতিপূর্বে প্রধানমন্ত্রী কর্তৃক মাদ্রাসা শিক্ষা কখনো বন্ধ হবে না বরং সম্প্রসারিত হবে- মর্মে সুস্পষ্ট ঘোষণা সত্ত্বেও এরকম সার্কুলার প্রেরণ, স্বীকৃতি ও বেতনভাতা বন্ধ করার ঘটনা মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে সুদূরপ্রসারী ষড়যন্ত্রের অংশ। বক্তাগণ তীব্র নিন্দা, ক্ষোভ ও হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, মাদ্রাসাসমূহ সৎ ও দেশপ্রেমিক নাগরিক উপহার দিচ্ছে। তারপরও বর্তমান সরকার কর্তৃক মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে অব্যাহত ষড়যন্ত্র ও ঘৃণ্য পদক্ষেপ হতাশাব্যঞ্জক এবং ১২ কোটি তৌহিদী জনতার হৃদয়ে এক চরম আঘাত। বক্তাগণ মাদ্রাসার স্বীকৃতি ও বেতন ভাতা বন্ধের নোটিশ প্রত্যাহারপূর্বক অবিলম্বে সবকিছু স্বাভাবিক করার জোর দাবী জানান।

ইসলামী ঐক্যজোট চট্টগ্রামের সেক্রেটারী এডভোকেট আহমদ সগীর ও জয়েন্ট সেক্রেটারী আব্দুর রহমান চৌধুরী এক যুক্ত বিবৃতিতে বলেন, বর্তমান সরকারের প্রধান কৃতিত্ব হচ্ছে ইসলামী শিক্ষা ও ইসলামী মূল্যবোধ ধ্বংস সাধন। ইতিপূর্বে হরকতুল জিহাদ ও তালেবান নাটকে কওমী মাদ্রাসা বিরোধী চক্রান্ত ব্যর্থ হওয়ার পর সরকার এখন টার্গেট করেছে আলিয়া মাদ্রাসাকে। ঐক্যজোট নেতৃবৃন্দ অবিলম্বে মাদ্রাসার স্বীকৃতি-মঞ্জুরি ও এমপিওভুক্তি বাতিল সংক্রান্ত সার্কুলার প্রত্যাহারের দাবী জানান। সরকারের এই ইসলাম বিরোধী তৎপরতার প্রতিবাদে আহূত ৮ জুলাইর হরতাল সফল করার জন্যও তারা দেশবাসীর প্রতি আহ্বান জানান।

বাংলাদেশ মাদ্রাসা ছাত্রঐক্য পরিষদের এক প্রতিবাদ সভা গতকাল বিকেলে জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদে অনুষ্ঠিত হয়। সংগঠনের আহবায়ক আবু সাঈদ ইউসুফ জিলানীর সভাপতিত্বে উক্ত প্রতিবাদ সভায় সাইদুল ইসলাম মজুমদার, খাজা মঈনুদ্দীন, আব্দুল মান্নান, সদস্য সচিব মাইনুদ্দীন হালিম চৌধুরী ও মু. আব্দুল মালেকসহ বিভিন্ন মাদ্রাসা প্রতিনিধিগণ বক্তব্য রাখেন। নেতৃবৃন্দ সরকারের বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্র বন্ধ না হলে শীঘ্রই দেশের সকল মাদ্রাসার ছাত্র-শিক্ষক তীব্র আন্দোলন গড়ে তুলবেন। মাদ্রাসা ছাত্র ঐক্য পরিষদ আজ মঙ্গলবার বিকেল ৫টায় লালদীঘি ময়দানে বিক্ষোভ মিছিলের কর্মসূচী ঘোষণা করেছে।

নেজামে ইসলাম পার্টির প্রেসিডিয়ামের সদস্য মেম্বার ও শাহওয়ালী উল্লাহ একাডেমীর মহাপরিচালক প্রিন্সিপাল মাওঃ সরওয়ার কামাল আজীজী এক বিবৃতিতে অবিলম্বে মাদ্রাসা শিক্ষা বিরোধী সার্কুলার প্রত্যাহার করে নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানান।